শৈলকূপায় বিএনপি’র দু’পক্ষের সংঘর্ষে বৃদ্ধ নিহত, আহত ৩০

ঝিনাইদহের শৈলকূপায় সামাজিক আধিপত্য বিস্তার নিয়ে বিরোধের জেরে স্থানীয় বিএনপি’র দু’পক্ষের সংঘর্ষে মোহন শেখ (৬৫) নামে একবৃদ্ধ নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন নারী-পুরুষসহ আরও অন্তত ৩০ জন।

বৃহস্পতিবার (২৩ এপ্রিল) সকাল ১০টার দিকে উপজেলার মাধবপুর গ্রামে এ সংঘর্ষের ঘটনা ঘটে।

জানা গেছে, সামাজিক আধিপত্য বিস্তার নিয়ে সকালে মনোহরপুর ইউনিয়নের মাধবপুর গ্রামের খাল পাড়ায় ইউনিয়ন বিএনপির সহসভাপতি ও ওয়ার্ড বিএনপি সভাপতি সাবেক ইউপি সদস্য ছের আলী ও ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক মশিউর গ্রুপের মধ্যে এই সংঘর্ষ শুরু হয়। সংঘর্ষ চলাকালে প্রতিপক্ষের হামলায় মশিউর গ্রুপের সমর্থক মোহন শেখ (৬৫) নামে একজন নিহত হন। নিহতের খবর ছড়িয়ে পড়লে উভয়পক্ষের লোকজন ফের সংঘর্ষে জড়িয়ে পড়ে। এসময় অন্তত আরও ৩০ জন আহত হন।

এসময় গ্রামের কয়েকটি বাড়িঘরে হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটে। শেষ খবর পাওয়া পর্যন্ত ওই এলাকায় পুলিশ মোতায়েন রয়েছে। ওই এলাকায় থমথমে পরিস্থিতি বিরাজ করছে।

শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. রাশেদ আল মামুন বলেন, মোহন শেখ নামে ওই ব্যক্তি হাসপাতালে পৌঁছানোর আগেই মারা গেছেন। আরও ৩০ জন হাসপাতালে ভর্তি হয়েছিলেন। আহতদের মধ্যে আব্বাস শেখ নামে একজনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

শৈলকুপা থানার ওসি হুমায়ুন কবির মোল্লা বলেন, ওই গ্রামের পরিস্থিতি এখনো উত্তপ্ত। দফায় দফায় উত্তেজনা ছড়িয়ে পড়ছে। পরিস্থিতি মোকাবিলায় ঘটনাস্থলে পুলিশ মোতায়েন করা হয়েছে।

ঝিনাইদহের শৈলকূপায় দেশীয় অস্ত্রসহ গ্রেফতার ১

ঝিনাইদহের শৈলকূপায় ইমদাদুল মণ্ডল নামের এক ব্যক্তিকে অস্ত্রসহ আটক করে থানায় সোপর্দ করেছে র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব)। পরে মামলা দিয়ে তাকে আদালতে পাঠানো হয়।

গতকাল রবিবার রাতে উপজেলার চরধলহরা গ্রামের বরিয়া প্রাইমারি স্কুলের পাশে থেকে তাকে গ্রেফতার করা হয়। ইমদাদুল উপজেলার চরধলহরা গ্রামের দীবা মণ্ডলের ছেলে।

ঝিনাইদহ র্যাবের কোম্পানি কমাণ্ডার স্কোয়াড্রন লিডার মো. ইসতিয়াক হোসেন জানান, দীর্ঘ দিন ধরে অস্ত্রের ব্যবসাসহ সন্ত্রাসী কার্যকালাপের সাথে জড়িত থাকার অভিযোগে অভিযান চালিয়ে ইমাদুলকে আটক করা হয়েছে। তাকে অস্ত্র আইনের মামলা দিয়ে আদালতে সোপর্দ করা হয়েছে।

শৈলকূপায় আদিবাসীদের মাঝে ইউএনও’র কম্বল বিতরণ

শৈলকূপা উপজেলা নির্বাহী কর্মকর্তা কানিজ ফাতেমা লিজা ৯নং মনোহরপুর ইউনিয়নের হাতেমপুর গ্রামের অসহায় ও দুঃস্থ ভুঁইমালী সম্প্রদায়ের শীতার্ত ৫০টি পরিবারের নিকট প্রধানমন্ত্রী প্রদত্ত কম্বল তুলে দিয়েছেন। এ সময় উপস্থিত ছিলেন সহকারী কমিশনার (ভূমি) পার্থ প্রতিম শীল।

এ সম্প্রদায়ের সদস্য কল্পনা, রাধারাণী, সুবোধ জানান, এই প্রথম তাদের সম্প্রদায়ের মধ্যে কোনো নির্বাহী কর্মকর্তা এসে কম্বল বিতরণ করলেন। ইতি পূর্বে কোনো কর্মকর্তাই তাদের কাছে আসেননি।

কম্বল বিতরণকালে ইউএনও কানিজ ফাতেমা আগতদের জানান, এই শীতে আপনারা অমানবিক কষ্ট করবেন, তা মেনে নেয়া যায় না।

আপনাদের প্রতি বুকভরা ভালোবাসা, শ্রদ্ধাবোধ, সম্মান ও সহমর্মিতা নিয়ে আমরা এখানে এসেছি পরিবারের সদস্য হিসেবে আপনাদের পাশে দাঁড়াতে।